Falgun 28, 1424 Bangla, March 12, 2018 Monday, No. 71 48th year

H I G H L I G H T S

President M Abdul Hamid urges intensified global efforts for mutual policy formulation to further meet demand of renewable energy & its investment at International Solar Alliance's conference in New Delhi. (R. Today: 10)

PM Sheikh Hasina is accorded a warm reception after arriving in Singapore on a four-day official visit -Singapore is to honour her by naming an orchid after Sheikh Hasina in country's famous Botanic Gardens. (R. Today: 8)

AL GS says, govt. won't make any comment on BNP's participation in next poll with or without Khaleda Zia as the issue is solely that party's decision. (R. Today: 9)

Finance Minister says, the rate of budget implementation is satisfactory in this current fiscal- adds, the rate of revenue collection is lower than expectation. (R. Today: 9)

'Bangladesh will observe a one-minute blackout on night of March 25 in memory of history's worst genocide carried out by Pakistani Army on the 'Black Night' of March 25'- 1971 Home Minister informs. (R. Today: 9)

Myanmar rejects first list of Rohingya refugees for repatriation which Bangladesh handed over to Naypyidaw last month - Amnesty says, Myanmar builds military bases where Rohingya once lived. (VOA:6 ,BBC: 3)

Police have detained 39 foreign nationals in Ukhia upazila of Cox's Bazar for attempting to enter Rohingya camps without valid documents.. (BBC: 2)

High Court is set to decide on Khaleda Zia's bail today in Zia Orphanage Trust graft case in which BNP chief is sentenced to five years in prison. (VOA: 6)

China has approved the removal of the two-term limit on the presidency, effectively allowing Xi Jinping to remain in power for life. (BBC:10)

বিবিসি

বৈধ কাগজপত্র ছাড়া রোহিঙ্গা ক্যাম্পে প্রবেশের অভিযোগে ৩৯ জন বিদেশী সাহায্যকর্মীকে আটক

বাংলাদেশে কক্সবাজারের পুলিশ বৈধ কাগজপত্র ছাড়া রোহিঙ্গা ক্যাম্পে প্রবেশের চেষ্টার অভিযোগে ৩৯ জন বিদেশী সাহায্য কর্মীকে আটকিয়ে জিজ্ঞাসাবাদ করেছে। পুলিশ বলছে যে, এই বিদেশীরা ওর্য়াক পারমিট ছাড়া টুরিস্ট ভিসায় এসে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সাহায্যকর্মী হিসেবে রোহিঙ্গাদের মাঝে কাজ করছিলেন। পুলিশ তাদের জিজ্ঞাসাবাদের পর নিজ নিজ সংস্থার কাছে হস্তান্তর করেছে। সরকার বলছে যে, রোহিঙ্গা শরণার্থীদের নিয়ে বাংলাদেশের নিরাপত্তার প্রশ্ন রয়েছে, সে কারণে বৈধ কাগজপত্র ছাড়া সেখানে বিদেশীদের কাজ করবার ব্যাপারে সরকার সতর্ক থাকছে। তবে, আন্তর্জাতিক সংস্থাগুলো নিয়ম মেনেই তাদের কাজ করার কথা বলছে। ঢাকা থেকে শুনুন কাদের কল্লোলের প্রতিবেদন :

উখিয়ায় রোহিঙ্গা শরণার্থীদের একটি শিবিরের কাছে পুলিশের একটি তল্লাশী চৌকিতে আটকানো হয়েছিল বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার ৩৯ জন বিদেশী সাহায্য কর্মীকে। যদিও জিজ্ঞাসাবাদের পর পুলিশ তাদের স্ব স্ব সংস্থার কাছে হস্তান্তর করেছে কিন্তু এই বিদেশীরা জিজ্ঞাসাবাদের পুলিশকে জানিয়েছেন তারা ওয়ার্ক পারমিট ছাড়া পর্যটক ভিসায় রোহিঙ্গা শরণার্থীদের মাঝে কাজ করছিলেন। কক্সবাজারের অতিরিক্ত পুলিশ সুপার অফরাজুল হক জানিয়েছেন বৈধ কাগজপত্র ছাড়া বিদেশী কেউ যেন রোহিঙ্গা শরণার্থীর মাঝে কাজ করতে না পারে আন্তর্জাতিক সংস্থাগুলোকে আবারও সেই বার্তা দেওয়া হলো।

মি. হক : তাদেরকে আসলে জিজ্ঞাসাবাদ করার জন্যই আনা হয়েছিল। তাদের যে অর্গানাইজেশনের আন্ডারে কাজ করে তাদেরকে আমরা তাদের কাছে হস্তান্তর করে দিয়েছি। তাদেরকে ম্যাসেজটা দিয়েছি উখিয়া এবং টেকনাফ রোহিঙ্গা ক্যাম্পগুলোতে কাজ করছে যেসব বিদেশী আমরা তাদেরকে বলেছি যে ওয়ার্ক পারমিট ভিসাসহকারে যেন কাজগুলো করে। যারা মাসের পর মাস কাজ করছেন টুরিস্ট ভিসার মাধ্যমে আমরা তাদেরকে বলেছি ওয়ার্ক পারমিট ভিসাটা ইউজ করতে।

বিবিসি: পুলিশের অন্যান্য সূত্রে জানা গেছে উখিয়া যে বিদেশীদের পুলিশ জিজ্ঞাসাবাদ করেছে তাদের মধ্যে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ফ্রান্স, কানাডা, তুরস্ক, মালয়েশিয়া, নিউজিল্যান্ডসহ বিভিন্ন দেশের নাগরিক রয়েছে। তারা এনএসএফ, সেভ দ্যা চিলড্রেন এবং ফুড টু হাংরিসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থায় কর্মরত আছেন টুরিস্ট ভিসায় এসে। তবে,এনএসেফের মুখপাত্র সাদাত হোসেন বলছিলেন তারা বাংলাদেশের নিয়ম মেনেই রোহিঙ্গা শরণার্থীদের মাঝে কাজ করছেন।

মি. হোসেন : এনএসএফ বাংলাদেশে গত ২৫ বছর ধরে কাজ করছেন। আমাদের কক্সবাজারে কাজ করার জন্য অনুমতি আছে। রোহিঙ্গা ক্যাম্পের বাইরে ভিতরে এনএসেফের যে স্বাস্থ্য কেন্দ্রগুলো আছে সেখানে বাংলাদেশী রোহিঙ্গা সবাই জীবন রক্ষাকারী স্বাস্থ্য সেবা পেয়ে থাকে। আজ সকালে আরও অন্যান্য আন্তর্জাতিক মানবিক সাহায্য প্রদানকারী কর্মীর সাথে আমাদের কর্মীদের পুলিশ চেক পয়েন্টে প্রশাসনিক কিছু প্রশ্ন করার জন্য থামানো হয়। এই মুহূর্তে ব্যাপারটি সমাধান হয়েছে। আমরা বাংলাদেশের সকল বিধি নিষেধ মেনে চলে এই দেশে প্রয়োজনীয় মানবিক চিকিৎসা সেবা চালিয়ে যেতে বদ্ধ পরিকর।

বিবিসি ঃ তবে, সরকারি কর্মকর্তারা বলছেন রোহিঙ্গা শরণার্থীদের মাঝে বৈধ কাগজপত্র ছাড়া কোন বিদেশী সাহায্যকর্মী কাজ করতে পারবেন না এই বিষয়টি বিভিন্ন সময়ে লিখিত ও মৌখিকভাবে আন্তর্জাতিক সংস্থাগুলোকে জানানো হয়েছে। এর পর দেশি ও বিদেশি বিভিন্ন উন্নয়ন সংস্থার হয়ে অনেক বিদেশি সাহায্য কর্মী পর্যটক ভিসায় এসে সেখানে কাজ করার চেষ্টা করছেন বলে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীগুলোর কাছে তথ্য রয়েছে। সমাজ কল্যাণমন্ত্রী রাশেদ খান মেনন বলছেন আন্তর্জাতিক সংস্থাগুলোকে বারবার বলার পরও বৈধ কাগজপত্র ছাড়া অনেকেই যখন আসছেন সেই কারণে দেশের নিরাপত্তার কথা বিবেচনায় নিয়ে সরকারকে সতর্ক থাকতে হচ্ছে।

রাশেদ খান মেনন ঃ এখানে ইতিমধ্যে আপনারা জানেন, যে বেশকিছু এনজিও সেটা দেশি এবং বিদেশি এশিয়ার এনজিও তাদের কার্যক্রমের সাথে নানাবিধ বিষয় যুক্ত হয়ে কিছু রিপোর্ট ইতিমধ্যে হয়েছিল। সে কারণেই আসলে এ সতর্কতা নেওয়া হচ্ছে কারণ এই রোহিঙ্গাদের ব্যাপারটা খুবই স্পর্শকাতর এবং এখানে যদি অন্য কোন বিষয় ইনভলভ হয়ে যায় সেটা বাংলাদেশের নিরাপত্তার জন্য খুবই বিপজ্জনক হবে বলে আমি মনে করি। আমাদের নিরাপত্তার প্রশ্নটি বিবেচনা করেই তাদের পেপার ডকুমেন্ট নিয়ে এখানে কাজ করা উচিত এবং সেটা সরকারের তরফ থেকে বার বার করে তাদেরকে স্মরণ করিয়ে দেয়া হচ্ছে। এদিকে, ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা বলেছেন, রোহিঙ্গা শরণার্থীদের সাহায্য করার জন্য বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার হয়ে যারা বিদেশ থেকে আসতে চাইছেন তাদের বাংলাদেশের জন্য ওয়ার্ক পারমিট ভিসা পেতেও কোন বেগ পেতে হচ্ছে না। এরপরও অনেকেই পর্যটক ভিসা নিয়েই বাংলাদেশে আসছেন। এই কারণেই আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীগুলো সতর্ক থাকছেন। (বিবিসি: ১৯:৩০ ঘ: ১১/০৩/১৮ সাইফুর/রিহাব/প্রতীক/আশরাফ/কোহিনূর)

সরকারের উচিত সব ত্রাণ সংস্থাকে নিয়ে বসা এবং বিষয়টি পরিষ্কার করা: ফারাহ কবির

যথাযথ সরকারি অনুমতি ছাড়া বিদেশিদের রোহিঙ্গাদের মধ্যে কাজ করার ঘটনা ঘটছে কেন এ প্রশ্ন করেছিলাম অ্যাকশন এইড এর কান্ট্রি ডিরেক্টর ফারাহ কবিরকে।

মিসেস কবির: রোহিঙ্গা সমস্যাটা আসলে বিশাল একটি সমস্যা সেখানে আমরা বিভিন্নভাবে কাজ করছি। এরকম সমস্যার সামনে আমরা পড়িনি। সেজন্য নানা ধরনের প্রস্তুতি এবং যোগ্যতার প্রয়োজন হচ্ছে এবং বিভিন্ন সংস্থা তাদের এখানে নিয়ে

আসছে। প্রথম তিনমাস রোহিঙ্গা শিবিরগুলোতে কাজ করার ক্ষেত্রে সরকারের দিক থেকে কোন গাইড লাইন ছিল না। কিন্তু সবার সঙ্গেই সহযোগিতা করেছে। সরকার কিন্তু সব সময়ই বলেছে, বিদেশী কেউ আসলে অনুমতি নিয়েই কাজ করতে হবে। এভাবেই কাজ হয়ে আসছে।

বিবিসি: বারবার তাদেরকে বলা হয়েছে যে, বিদেশী কেউ যদি কাজ করতে আসেন তাহলে তারা যেন ওয়ার্ক পারমিট ভিসা এবং যে এনজিও'র হয়ে তারা কাজ করবে সেটায় অথোরাইজেশন নিয়ে কাজ করবেন কিন্তু তারপরও দেখা যাচ্ছে যে, টুরিস্ট ভিসা নিয়ে এসে তারা কাজ করছেন। এটা আগে ঠেকানো যায়নি কেন?

মিসেস কবির: টুরিস্ট ভিসা নয় অনেকে বিজনেস ভিসা নিয়ে আসে যেটাকে বি-ভিসা বলা হয়। সেটা আসলে পর্যাপ্ত নয় কাজ করার জন্য। তবে, সরকারের উচিত সবাইকে নিয়ে বসে বিষয়টি পরিষ্কার করা যে আপনারা এই ধরনের অনুমতি নিয়ে আসবেন। অনেকে আগে থেকে হয়ত বলে এসেছেন। আগে থেকেই কাজ করছেন সেটিও একটি বিষয়। আমরাও সব সময়ই চাই সব কিছুই একটি আইন মেনে হোক।

বিবিসি: এই যে ওয়ার্ক পারমিট বা ভিসা নেয়া এটা কি খুব জটিল কাজ যে এটা না করেই তারা কাজ শুরু করেন?

মিসেস কবির: আসলে এই যে রোহিঙ্গা সমস্যা এটা তো একটা দুর্যোগ। একটা দুর্যোগের সময় অত কিছু মেনে কোন কাজ করা সম্ভব হয় না। সেজন্য আগে কাজটাকেই প্রাধান্য দেয়। আসলে জটিল বলতে কিছু না। সেজন্য সরকারের উচিত সবাইকে নিয়ে বসে পরিষ্কার করে দেয়া যে এভাবে কাজ করতে হবে।(বিবিসি:২২৩০ ঘ.১১/০৩/১৮আছাদ/নারগীস)

চীনে নীতি পরিবর্তন প্রসঙ্গে দেলোয়ার হোসেনের সাক্ষাৎকার

কমিউনিস্ট পার্টির নেতা মাও সে তুং এর মৃত্যুর পর সেই দেশে নিয়ম করা হয়েছিল যে, কোন প্রেসিডেন্ট দুই মেয়াদের বেশি ক্ষমতায় থাকতে পারবেন না এবং এর ফলে এক প্রজন্ম থেকে আরেক প্রজন্মের হাতে ক্ষমতা হস্তান্তরের এক সুযোগ তৈরি হয়েছিল। তাহলে কেন চীনে এই নীতির পরিবর্তন করার দরকার হলো। এই প্রশ্ন আমি করেছিলাম ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক এবং ইস্ট এশিয়া সেন্টারের পরিচালক দেলোয়ার হোসেনকে, (স্বকণ্ঠে): সি চিন পিংয়ের ২০১২ সালে চীনের প্রেসিডেন্ট হওয়ার পর থেকেই আমরা লক্ষ্য করছি যে, তিনি চীনের ভেতরে বেশকিছু পরিবর্তন আনার চেষ্টা করেছেন। বিশেষ করে চীনকে বিশ্বে শক্তিশালী হিসেবে প্রতিষ্ঠিত করার যে একটা জাতীয় আকাঙ্ক্ষা সেই জায়গাটাতে উনি অনেক জনপ্রিয়তা অর্জন করতে সক্ষম হয়েছিলেন। কমিউনিস্ট পার্টির ভেতরে ওনার একটা নিরঙ্কুশ আধিপত্য রয়েছে, বিশেষ করে দুর্নীতি বিরোধী ক্যাম্পেইন সি চিন পিং শুরু থেকেই করছেন। চীনের ভেতরে একজন শক্তিশালী শাসক দরকার।

বিবিসি: এতদিন চীনে যে পদ্ধতিটা ছিল, সেটা হলো একদলীয় শাসনের মধ্যে কমিউনিস্ট পার্টির শাসনের ভেতরেই এক ধরনের গণতন্ত্রায়নের বলুন বা এক ধরনের যৌথ নেতৃত্ব তৈরির একটা চেষ্টা ছিল। এবং কেউই যেন ক্ষমতায় চিরস্থায়ীভাবে থাকতে না পারেন সেজন্য এই ব্যাপারটা করা হয়েছিল। এখন এটা যেন পিছিয়ে দেয়া হচ্ছে।

মি. হোসেন: এটা চীনের বিভিন্ন পর্যায়ের যে নেতৃত্ব তারা এটাকে কিভাবে দেখবে যেটি দেখতে হলে তা আমাদের অপেক্ষা করতে হবে। কারণ বর্তমান প্রেসিডেন্টের মেয়াদ আরও পরে শেষ হবে। কী প্রতিক্রিয়া হবে অবশ্যই আমরা সেটা পরে জানতে পারব।

বিবিসি: আপনি বলছিলেন যে এই পরিবর্তন এর জন্য নানাভাবে ধীরে ধীরে চীনকে তৈরি করা হয়েছে। আবার জনমতের ভেতরেও আপনি বলছিলেন একটা পরিবর্তন এসেছে যে, চীনের একটা শক্ত নেতৃত্ব দরকার এবং শক্তিশালী নেতা দরকার। সেটা কী কারণে হয়েছে?

মি. হোসেন: সেটার কারণ হচ্ছে যে, পাঁচ বছর আগে বা ১০ বছর আগে এরকম ছিল না। চীন তার যে অর্থনৈতিক শক্তির দ্বারা তারা এখন গ্লোবালি এ্যাসারটিভ হতে চাচ্ছে। এবং সেটা তারা করছে। এই মুহূর্তে মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প চীনকে যেভাবে মোকাবেলা করার চেষ্টা করছেন। অনেকেই মনে করছে যে মার্কিন যুক্তরাষ্ট্র এবং চীনের মধ্যে একটা নতুন স্নায়ু যুদ্ধের যুগ শুরু হতে পারে। এ মুহূর্তে যদিও চীন একটা শান্তিপূর্ণ সময় অতিক্রম করছে কিন্তু চীনের যে অ্যাম্বিশন এবং চীনকে নিয়ে বিশেষ করে মার্কিন যুক্তরাষ্ট্রের যে ভাবনা সে ভাবনার কারণে তাদের মধ্যে মনে হয়েছে তাদের শক্তিশালী শাসক দরকার।

বিবিসি: তাহলে কি এই যে সাংবিধানিক পরিবর্তন সেটা অর্থাৎ সি চিন পিং যদি একটা অনির্দিষ্টকালের জন্য ক্ষমতায় থাকেন, তাহলে কি এটা তার দলের ভেতরে কোন চ্যালেঞ্জ, টেনশন বা ক্ষমতার দ্বন্দ্ব সৃষ্টি করবে না?

মি. হোসেন: নিশ্চয়ই করতে পারে এবং চীনের এই ঐতিহ্য আছে। চীনের ভেতরে একটা স্বরাষ্ট্রবাদী ধারনাও আছে। ফলে যারা স্বরাষ্ট্রবাদী তারা হয়ত এই মুহূর্তে ব্যাকফুটে আছেন বা তারা ততটা সক্রিয় নয় কিন্তু ভবিষ্যতে হয়ত বা হতেও পারে। চীনের ইতিহাস বলে যে এই ধরনের কনসলিডেশন যে সব সময় নিরাপদ থাকবে বা একদম ঝুঁকিহীন থাকবে তা না। এটা চ্যালেঞ্জ হতে পারে এবং চ্যালেঞ্জ হওয়ার সম্ভাবনা যথেষ্ট আছে। কারণ চীনের ভেতরে যে পুঁজিবাদী অর্থনৈতিক ব্যবস্থা প্রতিষ্ঠার কারণে এমনিতেই চীনের ভেতর বৈষম্য বাড়ছে কিন্তু চীনের ওভারল ব্যবস্থাটা হচ্ছে কমিউনিস্ট ব্যবস্থা সেখানে একটা পার্টির নেতৃত্বে সবকিছু হচ্ছে। ফান্ডামেন্টাল জায়গাটা যেহেতু চীন ধরে রাখতে পেরেছে বহু বছর ধরে এবং বহু দশক

ধরে। তবুও আমি মনে করি বর্তমান বাস্তবতায় এ ধরনের একটি ব্যবস্থা দীর্ঘসময় টিকে থাকবে সেটি নিয়ে যথেষ্ট সন্দেহ করার সুযোগ আছে। ব্যবস্থাটা চালু হলো কিন্তু তিনি এর সুফল বা সুবিধাটা নিতে পারবেন এই মেয়াদ শেষ হওয়ার পর। তখনই বোঝা যাবে যে, এটা আসলে মানুষ কীভাবে গ্রহণ করছে বা আদৌ এটা থাকবে কিনা।
(বিবিসি:১৯৩০ ঘ.১১/০৩/১৮প্রতীক/রিহাব/আহমেদ)

রোহিঙ্গাদের বিতাড়ন করার মত সেখানে ঘাঁটি তৈরি করছে মিয়ানমার সেনাবাহিনী

মানবাধিকার সংস্থা অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল বলছে, রোহিঙ্গাদের বিতাড়নের পর তাদের গ্রামে ঘাঁটি তৈরি করছে দেশটির সেনাবাহিনী। এর আগে মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ জানিয়েছিল রোহিঙ্গাদের গ্রাম বুলডোজার দিয়ে সমান করে ফেলা হচ্ছে। গত বছরের আগস্ট মাসের ২৫ তারিখ থেকে মিয়ানমার সেনাবাহিনীর অভিযানে নির্যাতন শুরুর পর থেকে প্রাণভয়ে বাংলাদেশে পালিয়ে এসেছে প্রায় ৭ লাখ রোহিঙ্গা। আরও জানাচ্ছেন নাগিব বাহার:

নতুন এক গবেষণার পর আন্তর্জাতিক মানবাধিখার সংগঠন অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল বলছে, তারা স্যাটেলাইট থেকে ধারণ করা ছবি ও প্রত্যক্ষদর্শীদের বরাত দিয়ে এমন তথ্য জানতে পেরেছেন যে, যেসব গ্রাম থেকে মিয়ানমার সেনাবাহিনীর নির্যাতনে রোহিঙ্গারা পালিয়ে গেছেন সেসব গ্রামে রোহিঙ্গাদের ফেলে আসা জমি ও ভিটা-বাড়ির ওপর ঘাঁটি তৈরি করছে মিয়ানমার সেনাবাহিনী। এই জানুয়ারি মাসে রোহিঙ্গাদের বহুগ্রাম ও বাড়ি-ঘর বুলডোজার দিয়ে মাটির সাথে মিশিয়ে দেয়া হয়েছে। নতুন করে সারি সারি ঘর জ্বালিয়ে দেয়া হয়েছে বলে জানাচ্ছে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল। এর আগে হিউম্যান রাইটস ওয়াচও এ ধরনের ঘটনার বর্ণনা দিয়েছে। অ্যামনেস্টির একজন মুখপাত্র এটিকে সেনাবাহিনী দ্বারা ভূমি গ্রাস বলে উল্লেখ করছেন। তবে, মিয়ানমার সরকার অ্যামনেস্টির অভিযোগ সম্পর্কে কোন মন্তব্য করেনি।
(বিবিসি: ০৬৩০ ঘ.১২/০৩/১৮সোনিয়া/নারগীস)

সৌর বিদ্যুতের সম্ভাবনা নিয়ে জ্বালানী বিশেষজ্ঞ ইজাজ হোসেনের সাক্ষাৎকার

পৃথিবী জুড়ে বিভিন্ন দেশে সৌর বিদ্যুতের জনপ্রিয়তা বাড়ছে। এ খাতে প্রচুর বিনিয়োগও হচ্ছে। সৌর বিদ্যুৎ খাতে বিনিয়োগ বাড়িয়ে সেটিকে আরও কার্যকরী উপায়ে কীভাবে ব্যবহার করা যায় সে নিয়ে আয়োজিত ইন্টারন্যাশনাল সোলার অ্যালায়েন্স কনফারেন্স গতকাল দিল্লিতে শেষ হলো। সেখানে যোগ দিয়েছিলেন বাংলাদেশের রাষ্ট্রপতি আবদুল হামিদ, ভারতের প্রধামনন্ত্রী নরেন্দ্র মোদি এবং ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল মিত্র। সৌর বিদ্যুৎ উৎপাদন এবং যন্ত্রপাতি বাংলাদেশকে গুরুত্বপূর্ণ একটি বাজার বলে মনে করে চীন ও ভারত। এমন অবস্থায় বাংলাদেশে সৌর বিদ্যুৎ সম্ভাবনা কতটা রয়েছে, জিজ্ঞেস করেছিলাম বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জ্বালানী বিশেষজ্ঞ ইজাজ হোসেনের কাছে।

মি. হোসেন: আমরা সৌর বিদ্যুৎ ব্যবহার করা আরম্ভ করেছি ১০ বছরেরও বেশি সময় আগে থেকে। কিন্তু আমরা মূলত গৃহস্থালী সোলার সিস্টেমগুলো লাগিয়েছি যার ক্যাপাসিটি অত্যন্ত কম। ২০ ওয়াট, ৫০ ওয়াট এবং খুব বেশি হলে ১০০ ওয়াট পর্যন্ত সিস্টেম থাকে। তবে আমরা ইতোমধ্যে একটা স্বীকৃতি পেয়েছি পৃথিবীর মধ্যে তা হলো আমাদের এখন প্রায় ৪ মিলিয়নের বেশি সিস্টেম হয়ে গেছে। এটা একটা বিশাল সংখ্যা অন্য দেশগুলোর তুলনায়।

বিবিসি: তার মানে কি এ দেশে সোলার প্যানেলের একটা বিশাল বাজার রয়েছে?

মি. হোসেন: না। এটা ওভাবে আসবে না। এটা মূলত প্রসার হয়েছিল সেই সময়টাতে যখন সরকার জনগণকে বিদ্যুৎ দিতে পারে নাই। গ্রামের কিছু মানুষ বিদ্যুৎ না পেয়ে এই সোলার পাওয়ারে গিয়েছে। কিন্তু এখন আমরা যেটা লক্ষ্য করছি সরকার নিজেই গ্রামে গ্রামে বিদ্যুৎ দিচ্ছেন। এ কারণে সোলার সিস্টেমগুলো বন্ধ হয়ে গেছে। এখানে আমরা মোটামুটি একটা মিস ম্যাচ দেখতে পাচ্ছি যে, গভর্নমেন্ট পলিসি এবং প্রাইভেট উদ্যোক্তারা যে জিনিসটা করছে সোলারের ব্যাপারে।

বিবিসি: কিন্তু বিদ্যুতের চাহিদা মেটাতে এটা কতটা সহায়তা করছে, কারণ বিদ্যুৎ বোর্ড গ্রামে অনেক জায়গাতেই আসলে বিদ্যুৎ সংযোগ এখনও দিতে পারেনি। সেক্ষেত্রে সোলার পাওয়ার কি একটা বিকল্প হয়ে দাঁড়িয়েছে?

মি. হোসেন: অবশ্যই। সেটা একটা বিশাল ব্যাপার। হয়ত এমন জায়গা আছে যেখানে কখনই বিদ্যুৎ যাবে না। সেখানে এটা অবশ্যই একটা বড় অবদান রাখছে। কিন্তু দেখা যাচ্ছে বেশকিছু জায়গায় সেখানে সরকার কিংবা পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড বিদ্যুৎ দিতে ব্যর্থ ছিল ১০ বছর আগে। এখন সেখানে বিদ্যুৎ চলে গেছে। সেই বিদ্যুৎ যাওয়ার ফলে অনেক সোলার সিস্টেম বন্ধ হয়ে গেছে। সরকার বলেছে, ১০০ ভাগ গ্রামে তারা বিদ্যুৎ দেবে। সেটা যদি সত্যি হয়, তাহলে সব সোলার সিস্টেম তো বন্ধ হয়ে যাবে। আমরা জানি সেটা হয়ত হবে না। তবে আরেকটা জায়গায় যেখানে সোলার পাওয়ার ব্যবহৃত হতে পারে সেটা হলো সোলার ইরিগেশন। সোলার বিদ্যুৎ দিয়ে আমাদের চাষের, সেচের পানি উত্তোলন করা এই জায়গায় একটা বড় অবদান রাখতে পারে সোলার বিদ্যুৎ।

বিবিসি: কিন্তু ঘরোয়াভাবে এটার ব্যবহার হচ্ছে। এটাকে আরও সুদূরপ্রসারী চিন্তা-ভাবনা বা বিদ্যুৎ উৎপাদন করা সেটা মাথায় রেখে বাংলাদেশ কি কিছু করছে। কিভাবে এটাকে একটা বিকল্প জ্বালানী বিদ্যুতের সোর্স হিসেবে ব্যবহার করা যায়?

মি. হোসেন; এটা করা হচ্ছে। দুঃখজনক হলে এটা সাকসেসফুল করতে পারছে না। ১০০ মেগাওয়াটের বেশি উৎপাদন যেটা সরাসরি আমাদের গ্রিডে আসতে পারে এরকম চেষ্টা সরকার প্রায় ৫ বছর আগে করেছে। প্রাইভেট সেক্টরগুলোকে সুযোগ ও

দিয়েছিল বিদ্যুৎকেন্দ্র করার এবং ভাল দামে কিনে নেয়ার কথাও বলেছিল। কিন্তু দেখা গেল এক হাজার মেগাওয়াট পাওয়ার ফ্যাক্টরির এগ্রিমেন্ট সাইন হওয়ার পরও একটা প্রজেক্টও বাস্তবায়ন করা সম্ভব হয়নি। এখন সরকার আবার চেষ্টা করছে। আরও কিছু সুযোগ-সুবিধা দিয়েছে। প্রাইভেট সেক্টরও উৎসাহিত আছে। আবার এগ্রিমেন্ট সাইন হয়েছে। কিন্তু কিছু কিছু প্রতিকূলতার কারণে এটা অগ্রসর হচ্ছে না।(বিবিসি: ০৬৩০ ঘ. ১২/০৩/১৮সোনিয়া/নারগীস)

খালেদা জিয়ার জামিনের বিষয়ে হাইকোর্টের একটি সিদ্ধান্ত আজ আসতে পারে

দুর্নীতি মামলায় কারাগারে আটক বিএনপি নেত্রী খালেদা জিয়ার জামিনের প্রশ্নে আজ হাইকোর্টে একটি সিদ্ধান্ত আসতে পারে বলে ধারনা করছে বিএনপি নেতারা। গত ৮ই ফেব্রুয়ারি জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামরায় নিম্ন আদালতে ৫ বছরের কারাদণ্ড হয়েছে খালেদা জিয়ার। সে রায়ের পর থেকেই খালেদা জিয়ার আইনজীবীরা যত দ্রুত সম্ভব জামিনের প্রত্যাশা করছিলেন। সংবাদদাতা কাদির কল্লোল বলছিলেন, সাজা হওয়ার পর থেকে গত এক মাসে খালেদা জিয়ার আইনজীবীদের তরফ থেকে নানা ধরনের তৎপরতা দেখা গেছে।

কাদির : খালেদা জিয়ার সাজা হওয়ার পর থেকেই তার আইনজীবীরা আসলে আপিল এবং জামিনের আবেদন করা এ দুটি বিষয় নিয়েই ব্যস্ত ছিলেন। প্রথমত: গত ৮ই ফেব্রুয়ারি বিশেষ জজ আদালতে রায় হওয়ার পর এর বিরুদ্ধে হাইকোর্টে আপিল করার প্রস্তুতি নিতে থাকেন কিন্তু রায়ের সার্টিফাইড কপি পেতে বেশ কয়েকদিন সময় লেগে যায়। সে কপি পাওয়ার পর তারা জামিনের জন্য আপিল করেন। হাইকোর্ট গত ২২শে ফেব্রুয়ারি আপিলের শুনানির জন্য গ্রহণ করে বিচারিক আদালত থেকে মামরার নথি তলব করে তখন খালেদা জিয়ার জামিনের আবেদনও করা হয়। গত ২৫শে ফেব্রুয়ারি হাইকের্টে ১৫ দিনের মধ্যে মামলার নথি পাওয়ার পর জামিনের ব্যাপারে আদেশ দেওয়ার কথা জানিয়েছিল। ১৫ দিনের সেই সময় গতকাল শেষ হয়। ফলে গতকাল জামিনের আদেশের জন্য হাইকোর্টের কার্যতালিকা বিষয়টি ছিল কিন্তু গতকাল দুপুরের আগে মামলার নথি হাইকোর্টে পৌঁছায়নি। ফলে আজ জামিনের ব্যাপারে সিদ্ধান্ত দেওয়ার কথা হাইকোর্ট জানায়। অবশ্য গতকাল দুপুরে হাইকোর্টের নথি হাইকোর্টে এসে পৌঁছায়।

বিবিসি: মামরার নথি আসতে এত সময় লাগল কেন?

কাদির : আসলে মামলার নথি হাইকোর্টের দেওয়া সময়সীমা ছিল ১৫ দিন। সেই ১৫ দিনের শেষ দিনে হাইকোর্টে এসে পৌঁছেছে। এর মধ্যে খালেদা জিয়ার আইনজীবীরা অভিযোগ করেছেন যে খালেদা জিয়ার কারাবাস দীর্ঘ করার জন্যই নথি পাঠাতে বিলম্ব করা হচ্ছে।

তবে, দুদকের আইনজীবী মোশাররফ হোসেন কাজল বলেছিলেন যে মামলার নথি অভিযোগ থেকে শুরু করে বিচার কার্যক্রম রায় পুরো কার্যক্রমের লিখিতভাবে তৈরী করে সেটাকে নথি হিসাবে পাঠানো হয়। সেটা তৈরী করতে সময়ের প্রয়োজন হয়।

বিবিসি: বিএনপিতো আইনি লড়াইয়ের পাশাপাশি রাজনৈতিকভাবেও বিভিন্ন কর্মসূচী পালন করছে এর মাধ্যমে বিএনপি আসলে কী অর্জন করতে চাইছে।

কাদির : বিএনপি আইনগত লড়াই যেমন চালাচ্ছে তেমনি মাঠে রাজনৈতিক কর্মসূচীও দিচ্ছেন। দলটির নেতারা বলছেন যে খালেদা জিয়ার সাজাকে তারা একটি রাজনৈতিক চেহারা দিতে চাইছেন সে কারণে তারা রাজনৈতিক কর্মসূচী অব্যাহত রাখবেন। নির্বাচন সামনে রেখে খালেদা জিয়ার কারাবাস নিয়ে বিএনপি জনগণের একটা সহানুভূতিও পেতে চাইছে। দলটি মনে করছে যে তাদের শীর্ষ নেতার কারাবাস নিয়ে দলে সব পর্যায়ের নেতারা এখন সক্রিয় রয়েছেন সেটাকে তারা ধরে রাখতে চাইছে। সে কারণে মানুষের জমায়েত হয় সে ধরনের শান্তিপূর্ণ কর্মসূচীও তারা চালিয়ে যেতে চান।

(বিবিসি: ০৬:৩০ ঘ. ১২/০৩/১৮ আছাদ/হেলাল)

আজ জাতিসংঘের উন্নয়নশীল দেশের স্বীকৃতি পেতে পারে বাংলাদেশ

বিশ্বের কোন দেশ অর্থনৈতিক এবং সামাজিকভাবে কতটা অগ্রগতি করেছে সেটি মূল্যায়নের জন্যে জাতিসংঘের অর্থনৈতিক এবং সামাজিক পরিষদের উন্নয়ন নীতি বিষয়ক কমিটি আজ নিউইয়র্কে বৈঠকে বসতে যাচ্ছে। এই বৈঠকে বাংলাদেশের স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশের কাতারে উঠে আসার স্বীকৃতি মিলবে বলে সরকারের কর্মকর্তারা বলছেন। জাতিসংঘের এই কমিটি প্রতি তিন বছর পরপর বৈঠকে বসে। অর্থনৈতিক অবস্থা পর্যালোচনার জন্যে জাতিসংঘের এই কমিটি কীভাবে কাজ করে আর বাংলাদেশের জন্যে স্বীকৃতি কতটা গুরুত্বপূর্ণ আকবর হোসেন জিজ্ঞেস করেছিলেন অর্থনীতিবিদ ডক্টর আহসান মনসুরের কাছে।

মি. মনসুর : এটা হচ্ছে একটা টেকনিক্যাল কমিটি। যেটায় আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন কিছু বিশেষজ্ঞ সেই কমিটিতে বসেন এবং তারা খুব নিরপেক্ষ হয়ে চেষ্টা করেন পৃথিবীর কোন কোন দেশ উন্নয়নে তাদের যে অগ্রযাত্রা তাতে তারা কোন ধাপে আছে এবং তারা তখন সেটাকে নিশ্চিত করে অনেকগুলো ইনডিগেটরের মাধ্যমে এবং তারা চিহ্নিত করার চেষ্টা করে কোন কোন দেশ এখন উন্নয়নশীল দেশে পরিণত হতে যাচ্ছে বা অলরেডি হয়ে গেছে। তারা রেগুলার এটাকে মনিটরিং করেন তাদের একটা টেকনিক্যাল ডিপার্টমেন্ট আছে সেটার মাধ্যমে এবং এক্সপার্ট কমিটিতে বসেন তিন বছরে একবার।

বিবিসি: এই যে, বাংলাদেশ উন্নয়নশীল দেশের কাতারে যেতে চাইছে। এ উন্নয়নশীল দেশের কাতারে যাওয়ার জন্য জাতিসংঘের যে স্বীকৃতি এটার কেন প্রয়োজন, এটা হলে কী সুবিধা হবে বাংলাদেশের?

মি. মনসুর : প্রথমত আমি বলব যে এটা আমাদের একটা অহংকার । প্রত্যেক জাতি হিসাবে প্রত্যেক জাতিই চায় যে, তারা যেন উন্নয়নের অগ্রযাত্রায় এগিয়ে যেতে পারে এবং পৃথিবীর বেশিরভাগ দেশই এখন উন্নয়নশীল দেশের পর্যায়ে রয়েছে অনুন্নত দেশ থেকে এবং সেই উন্নয়নশীল দেশের কাতারে আমরা যোগদান করবো সেটা কিন্তু আমাদের জন্য একটা বিরাট গৌরবের বিষয়।

বিবিসি: এই স্বীকৃতিটা হলে বা না হলে তাতে সমস্যা কী? যদি অর্থনৈতিক উন্নয়ন হয়, জনগণ যদি সেটা ভোগ করতে পারে সেটায় কী যথেষ্ঠ নয়, নাকি সেখানে স্বীকৃতির কী মাত্রা যোগ করবে?

মি. মনসুর : স্বীকৃতি ইট সেলফস্ আমাদের কিছু দিচ্ছে না। কিন্তু আমরা স্বীকৃতির মাধ্যমে আমাদের যে অর্জন সেটাকে আমরা উইশ করতে পারছি। কাজেই স্বীকৃতিটাকে আমি মনে করি যে একটা রেকোগনাইজ ফ্যাক্ট। আমাকে সবাই মেনে নিচ্ছে যে আমি এখন অর্থাৎ বাংলাদেশ এখন উন্নয়নশীল দেশের কাতারে যাচ্ছে। এটা এই সার্টিফিকেশনটা একটা নিরপেক্ষ প্রতিনিধিদের মাধ্যমে হচ্ছে, সেটা কিন্তু জনগণের জন্যে একটা আস্থার সৃষ্টি করে। অনেক সময় সরকার অনেক কিছু বলেন যেটা হয়ত জনগণ আস্থার সাথে নাও নিতে পারেন। এটা কিন্তু আন্তর্জাতিকভাবে স্বীকৃত। কাজেই এখানে আস্থাটা সেইভাবে বেশি আপেক্ষিক হয়।

বিবিসি: বাংলাদেশ তো উন্নয়নশীল দেশের কাতারে আসতে চাইছে স্বাধীনতার ৪৭ বছরের মাথায়। এটা বাংলাদেশের জন্য সময়টা কী এটায় খুব বেশি লম্বা ছিল, মানে অন্য দেশের সাথে যদি আপনি বিবেচনা করেন বাংলাদেশের সমপর্যায়ে যেসব দেশ ছিল?

মি. মনসুর : আমি মনে করি যে হ্যাঁ এটা লম্বা হয়েছে এটা সত্যি। তবে এটাও সত্যি কথা যে বাংলাদেশে যে ইনিশিয়াল কন্ডিশনগুলো ছিল সেটা কিন্তু খুবই প্রতিকূল ছিল। ৪৭ বছর আগের যে বাংলাদেশ এখনকার যে বাংলাদেশ সেটি কিন্তু এরকম নয়। কাজেই আমাদের অর্জনটাকেও আমি ছোট করে দেখবো না। কিন্তু একই সাথে আমি বলব যে, আমরা যদি আরও নিরবিচ্ছিন্নভাবে আমাদেরকে এগিয়ে নিতে পারতাম, এখন যেভাবে হচ্ছে বা গত ১০/১৫ বছর ধরে যেভাবে হয়েছে সেই ধারাবাহিকতাটা যদি আমরা আরও আগে করতে পারতাম তাহলে বাংলাদেশ কিন্তু মধ্যম আয়ের দেশে অনেক আগেই যেতে পারতো।

বিবিসি: এই যে বাংলাদেশ উন্নয়নশীল দেশের কাতারে অন্তর্ভূক্ত হওয়ার স্বীকৃতি পেতে যাচ্ছে এটি কী চিরস্থায়ী কোন বিষয়, নাকি এখানে আবার পরবর্তীতে মূল্যায়নের কোন বিষয় আছে?

মি. মনসুর : ২০১৮ সালে আমাদের প্লানই আন্ডারলাইন করছে প্রাথমিকভাবে। ২০২১ সালে এটাকে রিভিউ করা হবে, তখন ২০২৪ সালে জেনারেল অ্যাসেম্বলিতে এটাকে রিপ্লেস করা হবে আরেকটা রিভিউয়ের মাধ্যমে যে বাংলাদেশ গত ছয় বছরে তাদের অর্জনকে আরও সুদৃঢ় করেছে প্রত্যেকটা ক্ষেত্রে এবং পিছিয়ে যাওয়ার সম্ভাবনাটা আর নেই। তখন ইউএন জেনারেল অ্যাসেম্বলি এটাকে পার্মানেন্ট একটা স্বীকৃতি দেয়। (বিবিসি: ০৭:৩০ ঘ. ১২/০৩/১৮এলিনা/হেলাল)

ভয়েস অফ আমেরিকা

প্রত্যাবাসনের জন্য রোহিঙ্গাদের প্রথম তালিকা প্রত্যাখান করেছে মিয়ানমার

বাংলাদেশে আশ্রয়গ্রহণকারী রোহিঙ্গাদের প্রত্যাবাসনের জন্য প্রথম দফায় যে তালিকা বাংলাদেশের পক্ষ থেকে হস্তান্তর করা হয়েছিল মিয়ানমারের কাছে তা গ্রহণযোগ্য নয় বলে জানিয়ে দিয়েছে দেশটির সরকার। জানাচ্ছেন ঢাকা থেকে আমির খসরু:

বাংলাদেশে আশ্রয়গ্রহণকারী রোহিঙ্গাদের প্রত্যাবাসনের জন্য প্রথম দফার যে তালিকা বাংলাদেশের পক্ষ থেকে হস্তান্তর করা হয়েছিল মিয়ানমারের কাছে তা গ্রহণযোগ্য নয় বলে জানিয়ে দিয়েছে দেশটির সরকার। গত ১৫ জানুয়ারি ঢাকায় অনুষ্ঠিত দু'দেশের মধ্যকার স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠকে বাংলাদেশের পক্ষ থেকে ১,৬৭০ পরিবারের ৮০৩২ জনের একটি তালিকা মিয়ানমার কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়। মার্চের একেবারে প্রথমদিকে এসে মিয়ানমার কর্তৃপক্ষ ১৩টি কারণ উল্লেখ করে ঐ তালিকা নাকচ করে দিয়েছে। নাম প্রকাশে অনিচ্ছুক সংশ্লিষ্ট ঊর্ধ্বতন বাংলাদেশী কর্মকর্তারা জানান, তালিকাভুক্ত ব্যক্তিদের স্বাক্ষর, গ্রামের নাম বা এলাকার নাম সঠিক আছে কি না। তারা কী স্বেচ্ছায় যেতে ইচ্ছুক কি না এসব নানা প্রশ্ন উত্থ্যাপন করা হয়েছে মিয়ানমারের পক্ষ থেকে। কর্মকর্তারা জানান, প্রত্যাবাসনে অনিহার কারণে এসব প্রশ্ন উত্থ্যাপন করা হচ্ছে বলে তারা মনে করছেন। এদিকে, কক্সবাজারের উখিয়ার রোহিঙ্গা ক্যাম্পে কর্মরত এমএসএফসহ আন্তর্জাতিক মানবিক সহায়তাকারী বিভিন্ন সংস্থার ৩৯জন বিদেশী কর্মীকে ক্যাম্পে কাজ করার বৈধ কাগজপত্র না থাকায় আইন-শৃঙ্খলা রক্ষাবাহিনী রবিবার কয়েক ঘণ্টার জন্য আটক করেছে। পরে জিজ্ঞাসাবাদ শেষে তাদের ছেড়ে দেয়া হয় বলে কক্সবাজারের পুলিশ প্রধান ইকবাল হোসেন ভয়েস অফ আমেরিকাকে জানিয়েছেন।(ভোয়া : ২২০০ ঘ. ১১/০৩/১৮ মোতালেব/নারগীস)

জিয়া এতিমখানা মামলায় খালেদার জামিনের বিষয়ে আদেশ সোমবার

জিয়া এতিমখানা দুর্নীতি মামলার নথি বিচারিক আদালত থেকে হাইকোর্টে পৌঁছেছে। হাইকোর্ট বেঞ্চ খালেদা জিয়ার জামিনের বিষয়ে আগামীকাল আদেশ দেবেন বলে জানিয়েছে। ঢাকা থেকে মতিউর রহামন চৌধুরীর রিপোর্ট:

জিয়া এতিমখানার দুর্নীতি মামলার নথি বিচারিক আদালত থেকে হাইকোর্টে পৌঁছেছে। নথি না পৌঁছানোর কারণে হাইকোর্ট বেঞ্চ খালেদা জিয়ার জামিনের বিষয়ে কোন সিদ্ধান্ত দেননি। আগামীকাল আদেশ দেবেন বলে জানিয়েছেন। দুপুর সোয়া ১২টার দিকে একটি টিনের বাক্সে তালাবন্দী করে এই মামলার ৫৩৭৩ পৃষ্ঠার নথি পাঠানো হয়। গত ৮ই ফেব্রুয়ারি বিশেষ জজ আদালত খালেদা জিয়াকে ৫ বছরের সশ্রম কারাদণ্ড দেন। একই আদালত খালেদা জিয়া ও তারেক রহমানসহ ৬ আসামীর সবাইকে ২ কোটি ১০ লাখ ৭১ হাজার ৬৪৩ টাকা ৮০ পয়সা অর্থদণ্ডে দণ্ডিত করে। বিচারিক আদালত থেকে এই সত্যায়িত কপি পাওয়ার পর গত ২০ ফেব্রুয়ারি হাইকোর্টে আপিল করেন খালেদা জিয়ার আইনজীবীরা। সকালে শুনানির শুরুতে খালেদার আইনজীবী জয়নুল আবেদীন আদালতে বলেন, নথি এখনও পৌঁছেনি তাতে কি? এ ধরনের মামলায় জামিনের জন্য রেকর্ডের প্রয়োজন নেই। এই আদালতে ট্রাডিশান আছে রেকর্ড ছাড়াই জামিন দেয়ার। এ সময় আদালতের তরফে বলা হয়, নজির আছে ঠিকই, কিন্তু আমরা যেহেতু নথি চেয়েছি তাই নথি আসুক না। এরপর আদালত সোমবার আদেশ দেয়ার দিন ধার্য করেন।(ভোয়া : ২২০০ ঘ.১১/০৩/১৮মোতালেব/নারগীস)

রোহিঙ্গাদের নিজ বাসভূমিতে ফিরে যাওয়ার পথ বন্ধে নানা উদ্যোগ মিয়ানমারের

বাংলাদেশ ও মিয়ানমারের সীমান্ত পরিস্থিতি অশান্ত উত্তপ্ত করা, রাখাইনে রোহিঙ্গাদের ওপর নানাবিধ সামাজিক নির্যাতন ও চাপ প্রয়োগ এবং বিভিন্ন উপায়ে ভীতি সৃষ্টির মাধ্যমে রোহিঙ্গাদের নিজ বাসভূমিতে ফিরে যাওয়ার পথ বন্ধের নানা উদ্যোগ মিয়ানমারের পক্ষ থেকে অবিরাম নেয়া হচ্ছে বলে বিশ্লেষকরা মনে করছেন। এসব বিষয়ে বিশ্লেষণ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ। তার সঙ্গে কথা বলেন আমাদের বাংলাদেশ সংবাদদাতা আমির খসরু:

বিশ্লেষকরা বলছেন, আন্তর্জাতিক চাপের কারণে মিয়ানমার রোহিঙ্গা প্রত্যাবাসনে রাজি এমনটা দেখালেও কাজে-কর্মে তারা এর উল্টোটাই করছেন। এ অবস্থারও বাংলাদেশ দ্বিপাক্ষিকতার মাধ্যমে সমস্যা সমাধানের পথ এখনও আঁকড়ে ধরে আছে। কিন্তু দ্বিপাক্ষিকতার পথ কার্যত অকার্যকর হয়ে পড়ছে বলে বিশ্লেষকরা মনে করছেন। এসব বিষয়ে বিশ্লেষণ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ।

মোটামুটি পরিষ্কার হচ্ছে যে, আন্তর্জাতিক পর্যায়ে মিয়ানমারের ওপর প্রেসার তৈরি হচ্ছে। দ্বিপাক্ষিক পর্যায়ের কূটনীতিতে রোহিঙ্গা প্রত্যাবাসন কতটা ফলপ্রসূ হবে বলে আপনি মনে করেন এ প্রশ্নের জবাবে ড. ইমতিয়াজ আহমেদ বলেন, সরকারে যারা আছেন তারা হয়ত ভাল বলতে পারবেন। আমরা যতটুকু শুনতে পাই, তারা এখনও বাইলেটারালিজমের ওপর জোর দিচ্ছেন। তারা মনে করছেন যে, আন্তর্জাতিক প্রেসারটা আন্তর্জাতিক কমিউনিটি করুক। কারণ যেহেতু এবার রোহিঙ্গাদের বাংলাদেশে আসার ভিন্ন তাৎপর্য আছে। কারণ আগে ৭০ বা ৯০ দশকে এসেছিল তখন জেনোসাইড বা ইথোনিক ক্লিনজিংয়ের বিষয়টা ছিল না। এবার যেহেতু আছে বাংলাদেশ সরকার হয়ত মনে করছেন সেক্ষেত্রে আলাদাভাবেই প্রেসার তৈরি হবে। যেহেতু এটা নির্বাচনের বছর। এটাও খেয়াল রাখতে হবে, যত তাড়াতাড়ি দ্বিপাক্ষিকভাবে প্রত্যাবাসন শুরু করতে পারি আমাদের তরফ থেকে সেটা হবে সাকসেস। তবে অনেকেই ভাবছেন যে, আরও তৎপরতা দরকার।

মিয়ানমারের ওপরে প্রত্যাবাসন বিষয়ে আন্তর্জাতিক চাপ প্রয়োগের জন্য বাংলাদেশের ভূমিকা কতটা কার্যকর এবং যথাযথ এ প্রশ্নের জবাবে ড. ইমতিয়াজ বলেন, এখানে খেয়াল রাখতে হবে যে, এই অঞ্চলের রাষ্ট্র ভারত এবং চীন এখনও পুরোপুরিভাবে বাংলাদেশের সাথে আছে এটা বলা হয়ত ঠিক হবে না যদিও হয়ত অনেকেই মনে করেছেন যে, এরা ব্যাকডোর ডিপ্লোমেসি শুরু করেছে। সেই ব্যাকডোর ডিপ্লোসেসিতে কি হচ্ছে সেটা আমরা হয়ত জানব না। কিন্তু সরকার স্বাভাবিকভাবে বেশি জানবেন। সেই হিসেবে যেহেতু এ দু'টো দেশ এখনও পুরোপুরিভাবে এ বিষয়ে তাদের সিদ্ধান্ত ঠিক করেনি। সেহেতু বাংলাদেশ মনে করছে দ্বিপাক্ষিক দিকটা যদি আমি একেবারেই ছেড়ে দেই তাহলে এটা হয়ত দীর্ঘায়িত হবে।

তবে, মিয়ানমারের ওপর বাড়তি প্রেসার এমনিতেই তৈরি হচ্ছে। সিঙ্গাপুরে এ বিষয়ে কনফারেন্স হচ্ছে যেখানে বাংলাদেশিরাও আছেন ঢাকায় আরও দুইটা ইন্টারন্যাশনাল কনফারেন্স হবে। সবকিছু মিলেই প্রেসার কিন্তু বাড়ছে। ঢাকায় বিশ্লেষকরা বলছেন, রোহিঙ্গা সঙ্কট প্রশ্নে আন্তর্জাতিক সাম্প্রদায়িক আরও বেশি সক্রিয় করতে বাংলাদেশকে আরও বেশি তৎপর হতে হবে। কূটনৈতিক কার্যক্রম ও তৎপরতা বাড়াতে হবে। (ভোয়া : ২২০০ ঘ. ১১/০৩/১৮ মোতালেব/নারগীস)

রেডিও তেহরান

খালেদা জিয়ার সাজা দেওয়ার রায়ের নথি পৌঁছেছে হাইকোর্টে

বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে দুর্নীতির দায়ে সাজা দেওয়ার রায়ের নথি নিম্ন আদালত থেকে আজ হাইকোর্টে পৌঁছেছে। অপরদিকে, নাইকো দুর্নীতি মামলার পরবর্তী দিন ধার্য করেছে আদালত। বিস্তারিত জানাচ্ছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি আব্দুর রহমান খান:

বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে দুর্নীতির দায়ে সাজা দেওয়ার রায়ের নথি আদালত থেকে আজ দুপুর একটার দিকে হাইকোর্টে পৌঁছেছে। জিয়া অরফানেজ ট্রাস্ট মামলায় সাজা প্রাপ্ত হয়ে বেগম জিয়া গত ৮ই ফেব্রুয়ারি থেকে কারাগারে আটক রয়েছেন। তবে, হাইকোর্টে নথি পৌঁছার আগেই বিচারপতি এস এনায়েতুর রহিম ও বিচারপতি শহিদুল করিমের সমন্বয়ে গঠিত হাইকোর্টের ডিভিশন বেঞ্চ আজ সকালে খালেদা জিয়ার জামিন আবেদন দেওয়ার নির্ধারিত সময় আগামীকাল দুপুর দুইটা পর্যন্ত পিছিয়ে দিয়েছেন। খালেদা জিয়ার আইনজীবী সুপ্রীম কোর্ট বার সভাপতি জয়নাল আবেদীন আদালতকে বলেন, হাইকোর্টের এখতিয়ার রয়েছে নথি ছাড়াই এ বিষয়ে প্রয়োজনীয় আদেশ দেবার। এ পর্যায়ে বেঞ্চের জ্যেষ্ঠ বিচারক এম এনায়েতুর রহিম বার সভাপতিকে বলেন, আপনি যে,এখতিয়ারের প্রয়োগের কথা বলছেন সেটা করার সুযোগ আমাদের রয়েছে, কিন্তু তার আগে দেখতে হবে আমরা যে আদেশ দিয়েছিলাম সেটা কীভাবে বাস্তবায়ন হয়েছে। এছাড়া নাইকো, দুর্নীতি মামলায় বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার বিরুদ্ধে অভিযোগ গঠন সংক্রান্ত পরবর্তী শুনানির জন্য আগামী ৯ই এপ্রিল তারিখ ধার্য করেছে ঢাকার বিশেষ আদালত। ক্ষমতার অপব্যবহারের মাধ্যমে কানাডার কোম্পানী নাইকোর সাথে অসৎ চুক্তি করে রাষ্ট্রের প্রায় ১৩ হাজার ৭৭৭ কোটি টাকা ক্ষতির অভিযোগে ২০০৭ সালের ৯ই ডিসেম্বর রাজধানীর তেজগাঁও থানায় খালেদা জিয়াসহ পাঁচজনের বিরুদ্ধে এ মামলাটি দায়ের করে দুর্নীতি দমন কমিশন।
(রে. তেহরান: ২০:৩৫ ঘ. ১১/০৩/১৮ এলিনা/হেলাল)

রেডিও এবিসি

এপ্রিলে ৩৭তম বিসিএসের চূড়ান্ত ফল প্রকাশ

৩৭তম বিসিএসের চূড়ান্ত ফলাফলের জন্য অপেক্ষার পালা শেষ হচ্ছে। আগামী এপ্রিল মাসে এ ফলাফল প্রকাশ করতে যাচ্ছে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন। গত ১১ই ফেব্রুয়ারি এ বিসিএসের লিখিত পরীক্ষা শেষ হয়। প্রজ্ঞাপন জারির প্রায় দু'বছর পর এ বিসিএসের চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হচ্ছে। (রেডিও এবিসি: ১৫:০০ঘ. ১১/০৩/১৮ ফারুক/আহমেদ)

সোহরাওয়ার্দী উদ্যানে সমাবেশের অনুমতি পায়নি বিএনপি

দলীয় চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মুক্তির দাবিতে সোমবার রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে জনসভা করার অনুমতি এখনও পায়নি বিএনপি। পুলিশের একটি সূত্র প্রথম আলোকে বলেছে, সোমবার খালেদা জিয়ার জামিনের বিষয়ে হাইকোর্টের আদেশের দিন ধার্য রয়েছে। এ অবস্থায় সোহরাওয়ার্দী উদ্যানে জনসভার অনুমতি দেয়া হবে কি না তা নিয়ে নতুন করে ভাবছে পুলিশ। (রেডিও এবিসি: ১৫:০০ঘ. ১১/০৩/১৮ ফারুক/আহমেদ)

রাজবাড়িতে স্বামী-স্ত্রীর মৃতদেহ উদ্ধার

রাজবাড়ির পাংশা উপজেলায় নিজ বাসা থেকে স্বামী ও স্ত্রীর লাশ উদ্ধার করেছে পুলিশ। রবিবার সকালে উপজেলার মাঝপাড়া ইউনিয়নের মেঘনা-খামারবাড়ি গ্রামে এ লাশ উদ্ধার করা হয়। পুলিশ জানায়, স্ত্রীকে হত্যার পর স্বামী আত্মহত্যা করেছেন বলে প্রাথমিকভাবে ধারনা করা হচ্ছে। (রেডিও এবিসি: ১৫:০০ঘ. ১১/০৩/১৮ ফারুক/আহমেদ)

বাংলাদেশ কখনও পানির নীচে যাবে না: আনিসুল ইসলাম মাহমুদ

জলবায়ু পরিবর্তন নিয়ে প্রায়ই বলা হয় বাংলাদেশ মনে হয় পানির নীচে চলে যাবে। বাংলাদেশ কখনও পানির নীচে যাবে না কারণ বাংলাদেশের কোন জায়গা সমুদ্রপৃষ্টের নীচে এখন পর্যন্ত যায়নি বলে মন্তব্য করেছেন পরিবেশ ও বনমন্ত্রী আনিসুল ইসলাম মাহামুদ। (রেডিও এবিসি: ১৮:০০ঘ. ১১/০৩/১৮ প্রতীক/আহমেদ)

জিপিএ-৫ কেন্দ্রিক শিক্ষা ব্যবস্থা শিক্ষাকে ধ্বংস করে দিচ্ছে: সাবেক উপাচার্য আরেফীন সিদ্দিকী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক আ.আ.ম.স. আরিফীন সিদ্দিকী বলেছেন, শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করে দিচ্ছে জিপিএ-৫ কেন্দ্রিক শিক্ষা ব্যবস্থা। জিপিএ-৫ পাওয়াটাই হচ্ছে সবচেয়ে বড় অর্জন। রবিবার জাতীয় প্রেসক্লাবে নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্তিতে মাননীয় প্রধানমন্ত্রীর আশ্বাস ও সর্বশেষ অগ্রগতি শীর্ষক এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। (রেডিও এবিসি: ১৮:০০ঘ. ১১/০৩/১৮ প্রতীক/আহমেদ)

রাঙ্গামাটিতে এক ব্যক্তিকে কুপিয়ে হত্যা

রাঙ্গামাটির বাঘাইছড়ি উপজেলায় এক ব্যক্তিকে কুপিয়ে হত্যা করা হয়েছে। শনিবার রাতে উপজেলার রুপগাড়ি ইউনিয়নে এই ঘটনা ঘটে। নিহত ব্যক্তিকে নিজেদের কর্মী বলে দাবি করছে ইউপিডিএফ।
(রেডিও এবিসি: ১৮:০০ঘ. ১১/০৩/১৮ প্রতীক/আহমেদ)

রেডিও টুডে

মিরপুর-১২ নম্বর ইলিয়াস আলী মোল্লা বস্তিতে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে

রাজধানীর মিরপুর-১২ নম্বরে ইলিয়াস আলী মোল্লা বস্তিতে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। আগুনে কয়েকশ' ঘর পুড়ে গেছে এবং এক নারী দগ্ধ হয়েছেন বলে প্রাথমিকিভাবে জানা গেছে। তবে, কোন নিহতের খবর পাওয়া যায়নি। ফায়ার সার্ভিসের ২১টি ইউনিটের চেষ্টায় সকাল ৭টা ২০ মিনিটের দিকে আগুন নিয়ন্ত্রণে এসেছে বলে সংস্থাটির পক্ষ থেকে জানানো

হয়েছে। এর আগে রাত সাড়ে ৩টার দিকে আগুন লাগার খবর পাওয়ার পরপরই ঘটনাস্থলে যান ফায়ার সার্ভিসের কর্মীরা। শুরুতে ১৪টি ইউনিট কাজ করলেও পর্যায়ক্রমে আরও ৯টি ইউনিট তাদের সঙ্গে যোগ দেয়। আগুন খুব দ্রুত ছড়িয়ে পরে বলে প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে। প্রায় ৭০ বিঘা জমির উপর গড়ে ওঠা বস্তিতে সাত থেকে আট হাজার টিন ও কাঠের তৈরি ঘর ছিল। এসব ঘরে প্রায় ২৫ হাজার লোক বসবাস করতেন। (রেডিও টুডে : ০৮৪৫ঘ. ১২/০৩/১৮ সোনিয়া/নারগীস)

চারদিনের সফরে সিঙ্গাপুর গেছেন প্রধানমন্ত্রী

সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লি সিয়েন লুংয়ের আমন্ত্রণে চারদিনের সফরে গতকাল সিঙ্গাপুর পৌঁছেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বিশেষ ফ্লাইট স্থানীয় সময় রোববার বেলা আড়াইটার দিকে সিঙ্গাপুরের চাঙ্গি আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান তিনি। বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান সিঙ্গাপুরের স্বাস্থ্য ও পরিবেশ ও পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র মিনিস্টার এবং সে দেশে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ মোস্তাফিজুর রহমান। বিমান বন্দর থেকে প্রধানমন্ত্রীকে নিয়ে যাওয়া হয় সাং গ্রিলা হোটেলে। সফরকালে সেখানে থাকবেন তিনি। আজ সিঙ্গাপুরের প্রথম নারী প্রেসিডেন্ট হালিমা ইয়াকুব ও প্রধানমন্ত্রী লি সিয়েন লুংয়ের সাথে পৃথক বৈঠক করবেন বাংলাদেশের সরকার প্রধান। আগামীকাল বাংলাদেশ সিঙ্গাপুর বিজনেস ফোরামের অনুষ্ঠানে যোগ দেবেন প্রধানমন্ত্রী। তার এ সফরে দুই দেশের সহযোগিতা বাড়াতে ৬টি সমঝোতা স্মারক সই হওয়ার কথা রয়েছে। সফরকালে শেখ হাসিনার নামে সিঙ্গাপুর বোটানিক্যাল গার্ডেনে একটি অর্কিডের নামকরণ করা হবে। চার দিনের সফর শেষে ১৪ই মার্চ দেশে ফেরার কথা রয়েছে প্রধানমন্ত্রী।
(রেডিও টুডে : ০৮৪৫ঘ. ১২/০৩/১৮ সোনিয়া/হেলাল)

খালেদা জিয়া আজ জামিন পাবেন বলে আশাবাদ ব্যক্ত করেছেন মওদুদ আহমেদ

জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলার বিচারিক আদালতের নথি গতকাল হাইকোর্টে পৌঁছেছে। এই নথির উপরই ঝুলেছিল বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার জামিন পাওয়া না পাওয়ার বিষয়টি। আজ বেলা দুইটার দিকে বিচারপতি এম এনায়েতুর রহিম ও বিচারপতি শহীদুল করিমের সমন্বয়ে গঠিত হাইকোর্টের দ্বৈত বেঞ্চ এ বিষয়ে আদেশ দেবেন। বেগম খালেদা জিয়া আজই জামিন পাবেন বলে আশাবাদ ব্যক্ত করেছেন তার অন্যতম আইনজীবী ও বিএনপি'র স্থায়ী কমিটির সদস্য ব্যারিস্টার মওদুদ আহমেদ। (রেডিও টুডে : ০৮৪৫ঘ.১২/০৩/১৮এলিনা/নারগীস)

মশার উৎপাতে অতিষ্ঠ নগরবাসী

ছোট্ট প্রাণী মশা কিন্তু এর উৎপাতে কী বাসা, কী বাইরে সবখানেই অতিষ্ঠ নগরবাসী। স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ শাখা দুই সিটি করপোরেশনে জরিপ চালিয়ে ঝুঁকিপূর্ণ এলাকাগুলোকে চিহ্নিত করে প্রতিবেদন দিয়েছে নগর কর্তৃপক্ষকে।
(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১১/০৩/১৮ ফারুক/আহমেদ)

পদ্মা সেতুর তৃতীয় স্প্যান স্থাপন

বহুল কাঙ্ক্ষিত পদ্মা সেতুর উপর তৃতীয় স্প্যান স্থাপন করা হয়েছে। এর মধ্যে দিয়ে ৬.১৫ কি.মি. দীর্ঘ সেতুটির ৪৫০ মিটার কাঠামো দৃশ্যমান হলো। সকাল ৯টার দিকে পিলারের ওপর ঐ স্প্যান বসানো হয়।
(রেডিও টুডে: ১৮:৪৫ঘ.১১/০৩/১৮ ফারুক/আহমেদ)

খালেদা জিয়ার জামিন প্রশ্নে হাইকোর্টের আদেশ একদিন পিছিয়েছে

নিম্ন আদালত থেকে মামলায় নথি পৌঁছাতে দেরি হওয়ায় জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় কারাবন্দী বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার জামিন প্রশ্নে হাইকোর্টের আদেশ পিছিয়ে গেছে আরও একদিন। বিচারপতি এস. এনায়েতুর রহিম ও বিচারপতি শহীদুল করিমের সমন্বয়ে গঠিত হাইকোর্টের দ্বৈত বেঞ্চ বিষয়টি সোমবার আদেশের জন্য রেখেছেন। এর আগে গত বৃহস্পতিবার খালেদা জিয়ার জামিন বিষয়ে আদেশের জন্য রবিবারের দিন ঠিক করেছিলেন আদালত।(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১১/০৩/১৮ ফারুক/আহমেদ)

২০০ আসনে জয়লাভের পরিকল্পনা নিয়ে এগোচ্ছে আওয়ামী লীগ

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ২০০ আসনে জয়লাভের পরিকল্পনা নিয়ে এগোচ্ছে ক্ষমতাসীন আওয়ামী লীগ। দলটির শীর্ষ নেতারা বলছেন, এ লক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের বিভাগীয় শহরগুলোতে মহাসমাবেশ করছেন, যা চলবে মে মাস পর্যন্ত। একই সাথে পনেরটি কমিটি গঠন করেছে আওয়ামী লীগ, যারা তৃণমূল দলীয় শৃঙ্খলা প্রতিষ্ঠার পাশাপাশি জনগণের কাছে সরকারের উন্নয়ন কর্মকাণ্ড তুলে ধরছেন। (রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১১/০৩/১৮ ফারুক/আহমেদ)

বিএনপি খালেদা জিয়াকে ছাড়া নির্বাচন করবে কি করবে না তাদের সিদ্ধান্ত: ওবায়দুল কাদের

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, খালেদা জিয়াকে ছাড়া বিএনপি আগামী নির্বাচনে অংশগ্রহণ করবে, কী করবে না এটার তাদের সিদ্ধান্ত। এতে সরকারের কোন বক্তব্য নেই। রবিবার কাঁচপুর, মেঘনা ও গোমতী দ্বিতীয় সেতু নির্মাণ এবং বিদ্যমান সেতু পুনর্বাসন প্রকল্পের গোমতী সেতুর সুপার স্ট্রাকচার উদ্বোধনকালে তিনি একথা বলেন। (রেডিও টুডে: ১৮:৪৫ঘ.১১/০৩/১৮ ফারুক/আহমেদ)

চলতি অর্থ বছরে বাজেট বাস্তবায়নের হার সন্তোষজনক: অর্থমন্ত্রী

অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত বলেছেন, চলতি অর্থবছরে বাজেট বাস্তবায়নের হার সন্তোষজনক। তিনি আরও বলেছেন, এ বছর বার্ষিক উন্নয়ন কর্মসূচি, এডিবি'র বাস্তবায়ন বেশি হওয়ায় বাজেট বাস্তবায়নের হারও বেড়েছে। তবে, রাজস্ব আদায়ের হার কিছুটা কম। দুপুরে সচিবালয়ে শুল্ক ও কর কর্মকর্তাদের সংগঠনের নেতাদের সাথে বৈঠকের পর তিনি এসব তথ্য জানান।
(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১১/০৩/১৮ ফারুক/আহমেদ)

২৫শে মার্চ রাত ৯টা থেকে ৯টা ১ মিনিট সারাদেশে 'ব্লাকআউট' কর্মসূচি পালন হবে: স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল জানিয়েছেন, আগামী ২৫শে মার্চ গণহত্যা দিবস উপলক্ষে সারাদেশে জরুরি স্থাপনা ছাড়া সব জায়গায় রাত ৯টা থেকে ৯টা ১ মিনিট প্রতীকী 'ব্লাকআউট' (অন্ধকার) কর্মসূচি পালন করা হবে। এ সময় যার যার অবস্থান থেকে নিজেদের ঘরের বিদ্যুতের সুইচ বন্ধ করে এ কর্মসূচি পালন করার আহ্বান জানিয়েছেন তিনি। স্বাধীনতা দিবসকে সামনে রেখে রবিবার আইন-শৃঙ্খলা বাহিনীর উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের সাথে আলাপকালে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন।(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১১/০৩/১৮ফারুক/আহমেদ)

এখনও পর্যন্ত কোন অনুমতি পায়নি বিএনপি: রিজভী

যথাযথ নিয়ম মেনে আবেদন করা হলেও পুলিশের পক্ষ থেকে খালেদা জিয়ার মুক্তির দাবিতে সোহরাওয়ার্দী উদ্যানে আগামীকালের জনসভার এখনও পর্যন্ত কোন অনুমতি পায়নি। বিকেলে নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলন একথা বলেন বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, রাতের মধ্যেও যদি অনুমতি পান দলের নেতা-কর্মীরা সকাল থেকেই সোহরাওয়ার্দী উদ্যানে হাজির হবেন এবং জনসভা সফল করবেন।
(রেডিও টুডে:১৮:৪৫ঘ.১১/০৩/১৮ প্রতীক/আহমেদ)

রাজনৈতিক কর্মসূচিতে পুলিশ বাধা দিচ্ছে না: আইজিপি

পুলিশ মহাপরিদর্শক জাবেদ পাটোয়ারী বলেছেন, রাজনৈতিক কর্মসূচিতে পুলিশ বাধা দিচ্ছে না। বিকেলে রাজধানীর আর্মড পুলিশ ব্যাটালিয়ন আয়োজিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণের আগে সাংবাদিকদের তিনি একথা বলেন। এসময় আইজিপি বলেন, যেসব ঘটনায় আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির আশঙ্কা করা হয় সেখানে পুলিশের উপস্থিতি থাকে।(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১১/০৩/১৮ প্রতীক/আহমেদ)

নকল বইসহ দোকানের মালিক ও তার তিন কর্মচারী আটক

চট্টগ্রামের পতেঙ্গা স্টিল মিল বাজার থেকে গত মধ্যরাতে সরকারি টেক্সবুক বোর্ডের নকল বইসহ একটি বইয়ের দোকান মালিক ও তার তিন কর্মচারীকে আটক করেছে পুলিশ। পতেঙ্গা থানার এস.আই. আবদুল মোমেন জানিয়েছেন, গোপন সংবাদের ভিত্তিতে ছাত্র বন্ধু লাইব্রেরি নামক বইয়ের দোকান ও গুদামে অভিযান চালিয়ে মোট ৩০০০ নকল বই জব্দ করা হয়েছে। এসব বইয়ের মধ্যে সরকারি টেক্সবোর্ডের বই ছাড়াও বিভিন্ন জনপ্রিয় গাইড বইয়ের নকল কপি রয়েছে।
(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১১/০৩/১৮ প্রতীক/আহমেদ)

নবায়নযোগ্য জ্বালানী চাহিদা মেটাতে বিশ্ব সম্প্রদায়কে এগিয়ে আসার আহ্বান রাষ্ট্রপতির

নবায়নযোগ্য জ্বালানী চাহিদা মেটাতে সমন্বিত নীতি-নির্ধারণ ও অর্থায়নে বিশ্ব সম্প্রদায়কে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। ভারতের রাজধানী নয়াদিল্লীতে সৌর বিদ্যুৎ সহযোগিতা বিষয়ক জোট ইন্টারন্যাশনাল সোলার অ্যালায়েন্স আইএসএ'র ফাউন্ডিং কনফারেন্সে এ আহ্বান জানান বাংলাদেশের রাষ্ট্রপতি। বাংলাদেশ, শ্রীলঙ্কা ও ফ্রান্সসহ ১২১টি দেশের এ জোটে এবারের সম্মেলনে ২৩টি দেশের রাষ্ট্রপ্রধান ও সরকার প্রধানগণ অংশ নিচ্ছেন।
(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১১/০৩/১৮ সাইফুর/আহমেদ)

'৭১-এর এই সময়ে চলছিল অগ্নি বিদ্রোহের প্রস্তুতি

পাকিস্তানী ঔপনিবেশিক শাসন-শোষণ, নিপীড়ন, বঞ্চনার বিরুদ্ধে অগ্নিবিদ্রোহের চূড়ান্ত রণপ্রস্তুতি চলছিল '৭১ এর এই সময়টায়। বাঙালী জাতির মুখ্য চিন্তা ও লক্ষ্য ছিল তখন একটাই স্বাধীন সার্বভৌম বাংলাদেশ প্রতিষ্ঠা।
(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১১/০৩/১৮ রিহাব/আহমেদ)

জাফর ইকবালের ওপর হামলাকারীর মা-বাবা ও মামা পুলিশের রিমান্ডে

শাহ্জালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোহাম্মদ জাফর ইকবালের ওপর হামলাকারী ফয়জুর রহমানের বাবা আতিকুর রহমান, মা মিনারা বেগম ও মামা ফজলুর রহমানকে রিমান্ডে নিয়েছে পুলিশ। আজ দুপুরে সিলেট মহানগর হাকিম ১ম আদালতের বিচারক হরিদাস কুমার ফয়জুলের বাবার ও মামার পাঁচদিনের এবং মায়ের দু'দিনের রিমান্ড মঞ্জুর করেন। এর আগে আদালতে এই তিনজনকে হাজির করে সাতদিন করে রিমান্ড চাওয়া হয়েছিল বলে জানান এ মামলার তদন্ত কর্মকর্তা ও জালালাবাদ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শফিকুর রহমান। গত বৃহস্পতিবার একই আদালতে ফয়জুরকে হাজির করে দশদিনের রিমান্ড নেয় পুলিশ। (রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১১/০৩/১৮রিহাব/আহমেদ)

BBC ENGLISH

GERMAN POLICE CLASHED WITH KURDISH DEMONSTRATORS

German police have clashed with pro-Kurdish demonstrators at Dusseldorf airport. Several people were injured after police used pepper spray. The demonstrators oppose the offensive against the Kurdish forces in northern Syria.
(BBC: 0600 hrs. 12-03-18 Motaleb/Sajib)

KIM-TRUMP SUMMIT AT DEMILITARIZED ZONE ON TWO KOREAS' BORDER

The South Korean government has said, the demilitarized zone on the border with North Korea might host the proposed summit between President Trump and Kim Jong-un. Donald Trump agrees to the meeting last week and said, it will be held before the end of May. (BBC: 0600 hrs. 12-03-18 Motaleb/Sajib)

PRESIDENT XI JINPING ALLOWED TO REMAIN IN POWER INDEFINITELY

China has removed presidential term limit from its constitution allowing the current leader Xi Jinping to remain in power indefinitely. Two former Chinese Presidents had each served for ten years in the top leadership job before passing power to the next generation. The Chinese Communist Party has said, an end to term limits would benefit China allowing Mr. Xi to oversee ambitious development projects.
(BBC: 2100 hrs. 11-03-18 Motaleb/Sajib)

SYRIAN ARMY ADVANCES DEEPER INTO EASTERN GHOUTA

The Syrian army says, it has advanced deeper into Eastern Ghouta as air strikes have continued against the rebel held enclave. The military says, it has now completely surrounded the main town of Duma and also claims completing its move to split the region in half. The most intense confrontation has been around eastern towns still held by rebel fighters. (BBC: 2100 hrs. 11-03-18 Motaleb/Sajib)

CONGRESSIONAL ELECTION BEING HELD IN COLOMBIA

Colombia is holding Congressional elections with the former Farc rebel group taking part for the first time since it gave up its weapons to become a left wing political party. As part of their peace accord the Farcs are guaranteed ten seats in Colombia's new Congress. (BBC: 2100 hrs. 11-03-18 Motaleb/Sajib)

SECURITY FORCES KILL 9 PEOPLE IN ETHIOPIA BY MISTAKE

At least nine people have been killed and a dozen injured by security forces in Ethiopia's southern town of Muiyali. A state broadcaster said, the security forces have killed and wounded the people by mistake as they were acting on the wrong intelligence. A state of emergency is in force in Ethiopia where there have been nearly three years of anti-government protests. (BBC: 2100 hrs. 11-03-18 Motaleb/Sajib)

5-DAY MARCH BY FARMERS IN INDIA

Tens of thousands of farmers have reached the Indian city of Mumbai at the end of a march which has lasted for five days. They are calling on the authorities to give more support to farmers who are struggling to repay loans. The protest organized by leftist parties is calling on the state government to evade loans.
(BBC: 2100 hrs. 11-03-18 Motaleb/Sajib)

TRAIL OF MAN CHARGED WITH KILLING SOME POLICEMEN BEGAN IN IRAN

The trail has begun in Iran of a man charged with killing several policemen last month in clashes between the security forces and members of a Sufi religious order. The violence broke out during a protest in Tehran by the Gunabadi Darbish order over the arrest of several of its members. (BBC: 2100 hrs. 11-03-18 Motaleb/Sajib)

N KOREA TALKS COULD BE GREATEST DEAL: TRUMP

President Donald Trump said, his planned summit with North Korean leader Kimg Jong-un could either fail or bring the greatest deal for the world. At a political rally in Pennsylvania, Mr. Trump told supporters he believed North Korea wanted to make peace. But he said, he might leave the talks quickly if it didn't look like progress for nuclear disarmament could be made. (BBC: 1700 hrs. 11-03-18 Faruk/Sajib)

TALIBAN ATTACK LEAVES AT LEAST 24 DEAD

At least twenty four members of the Afghan security forces have been killed in a Taliban attack in the western province of Farah. Militants reportedly attacked soldiers who had assembled in preparation for an attack in Bala Baluk district. The attack triggered a deadly skirmish between fighters from the hard-line Islamic movement and security forces.
(BBC: 1700 hrs. 11-03-18 Faruk/Sajib)

::--:: THE END ::--::